



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৫.৩১.২৯৬.২০১৯/১৬৩২/৪

তারিখ : ১৫/০৫/২০২২ খ্রি.

বিষয় : ঠাকুরগাঁও জেলার হরিরামপুর উপজেলাধীন কে,বি, ডিগ্রী কলেজের অধ্যক্ষ জনাব মো: জালাল উদ্দিন প্রধান এর দায়েরকৃত রিট পিটিশন নং ৯৮৫২/২০২১ এর আদেশ বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র : কে/বি/হরি/ধাক/(০২)/৪৫৬ তারিখ : ১২০/০১/২০২২ খ্রি.


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঠাকুরগাঁও জেলার হরিপুর উপজেলাধীন কে.বি ডিগ্রী কলেজের অধ্যক্ষ জনাব মো: জালাল উদ্দিন প্রধান মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং ৯৮৫২/২০২১ এর রায় বাস্তবায়ন করার জন্য আবেদন করেন।

আইনগত মতামত : ঠাকুরগাঁও জেলার কে বি ডিগ্রী কলেজের অধ্যক্ষ জনাব মো: জালাল উদ্দিন বকেয়া বেতন ভাতার বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৯৮৫২/২০২১ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ বিগত ১৭/১১/২০২১ তারিখে ১ এবং ৩নং বিবাদীগণকে পিটিশনারের ১০/১০/২০১৯ তারিখের আবেদন (Annexure-G and G-1) প্রাসঙ্গিক আইন ও বিধি বিধান অনুসরণ করে নিষ্পত্তি করার আদেশ দেন। উপরোক্ত অবস্থায় বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত হলো : So it is hereby opined hat the office should take step to dispose of the representation of the writ petitioner of the petitioner dated 10.10.2019 in accordance with law. But the office can take the decision following relevant law and rules independently.

পিটিশনারের ১০/১০/২০১৯ তারিখের আবেদনে দেখা যায়, পিটিশনার জনাব মো: জালাল উদ্দিন প্রধান অধ্যক্ষ হিসেবে কে, বি, ডিগ্রী কলেজ, ঠাকুরগাঁও এ কর্মরত। বিগত সেপ্টেম্বর/২০১৬ মাস হইতে ডিসেম্বর/২০১৭ মাস পর্যন্ত তিনি সাময়িক বরখাস্ত ছিলেন। সাময়িক বরখাস্তকালীন সেপ্টেম্বর/২০১৬ হইতে ডিসেম্বর/২০১৭ পর্যন্ত সময়কালে বিধি অনুযায়ী ৫০% হারে খোরপোষ ভাতা উত্তোলন করেন। জনাব মো: জালাল উদ্দিন প্রধান কে প্রতিষ্ঠান থেকে সাময়িক বরখাস্ত করেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে তার বেতন ভাতা বন্ধ করা হয়নি। তার সাময়িক বরখাস্তকালীন সময়ে জনবল কাঠামো-২০১০ বলবৎ ছিল। জনবল কাঠামো-২০১০ এর ১৮(৬) ধারায় বলা ছিল : প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারী ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ নিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার বা অন্যকোন কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসেবে তা উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।

এমতাবস্থায়, জনবল কাঠামো-২০১০ এর ১৮(৬) ধারা অনুযায়ী পিটিশনার জনাব মো: জালাল উদ্দিন প্রধান এর সেপ্টেম্বর/২০১৬ হইতে ডিসেম্বর/২০১৭ পর্যন্ত সময়ের ৫০% হারে বকেয়া বেতন ভাতা প্রদানের সুযোগ নাই। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবেন মর্মে আদালতের আদেশ অনুসারে ১০/১০/২০১৯ তারিখের আবেদনটি নিষ্পত্তি করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টি অবহিত করা হলো।



(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ

কে,বি,ডিগ্রী কলেজ
হরিপুর, ঠাকুরগাঁও।

বিতরণ :

- (১) সভাপতি, গভর্নিংবডি, কে,বি, ডিগ্রী কলেজ, হরিপুর, ঠাকুরগাঁও;
- (২) আইন কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- (৩) জনাব মো: জালাল উদ্দিন প্রধান(পিটিশনার), কে,বি, ডিগ্রী কলেজ, হরিপুর, ঠাকুরগাঁও;
- (৪) সংরক্ষণ নথি।